

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
বাড় সতর্কীকরণ কেন্দ্র
ই-২৪, আগারগাঁও, ঢাকা

ফোন : ৪৮১২২৪৯৬, ৪৮১১৯৮৮১
ফ্যাক্স : ৪৮১১৩৩৩৩, ৫৮১৫২০১৯
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
ওয়েব সাইট: www.bmd.gov.bd



আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ক্রমিক নম্বর ১২ (বারো), তারিখ: ১২.০৫.২০২৩ (ভিভি: ১৮০০ বিএসটি)

পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড় 'মোখা' (ECP: 974 HPA) উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (১৪.৫° উত্তর অক্ষাংশ এবং ৮৮.৫° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (১২ মে ২০২৩) সন্ধ্যা ০৬ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৯৩০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৮৬০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৮৯০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৮৫৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরো উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর ও ঘনীভূত হয়ে ১৪ মে ২০২৩ সকাল ০৬ টা থেকে সন্ধ্যা ০৬ টার মধ্যে কক্সবাজার-উত্তর মায়ানমার উপকূল অতিক্রম করতে পারে। ১৩ মে ২০২৩ সন্ধ্যা থেকে কক্সবাজার ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় অতি প্রবল ঘূর্ণিঝড় 'মোখা'-এর অগ্রভাগের প্রভাব শুরু হতে পারে।

অতি প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের ৭৪ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১৪০ কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ১৬০ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। অতি প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর খুবই বিক্ষুব্ধ রয়েছে।

কক্সবাজার, চট্টগ্রাম ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে ০৪ (চার) নম্বর স্থানীয় হাঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৮ (আট) নম্বর মহাবিপদ সংকেত (পুন:) ০৮ (আট) নম্বর মহাবিপদ সংকেত দেখাতে বলা হয়েছে।


মোংলা সমুদ্রবন্দরকে ০৪ (চার) নম্বর স্থানীয় হাঁশিয়ারী সংকেত (পুন:) ০৪ (চার) নম্বর স্থানীয় হাঁশিয়ারী সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উপকূলীয় জেলা কক্সবাজার, চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ০৮ (আট) নম্বর মহাবিপদ সংকেতের আওতায় থাকবে।

ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশ ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় জেলা কক্সবাজার ও চট্টগ্রাম এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৮-১২ ফুট অধিক উচ্চতার বায়ু তাড়িত জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।

ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশ ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় জেলা ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৫-০৭ ফুট অধিক উচ্চতার বায়ু তাড়িত জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।


(মো: মনোয়ার হোসেন)

আবহাওয়াবিদ
পরিচালকের পক্ষে
১২, ২০২৩ বিএসটি

প্রাপক,

১. মাননীয় প্রতিমন্ত্রী, দুর্গোপ ও গ্রাম মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৪৫৪০৫, ২. মন্ত্রী পরিষদ সচিব, ফ্যাক্স: ৯৫৬৬৫৫৯,
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্স: ৯১৪৩৩৭৭, ৪. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্স: ৫৮১৫২৫৩০,
৫. সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্স: ৮১২৮৭৯৯, ৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্স: ৮১২৮৭৯৯
৭. সচিব, দুর্গোপ ব্যবস্থাপনা ও গ্রাম মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৬৬৫৫৯/৯৫৪৫৪০৫, ৮. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৭৬৭৭৩
৯. মুখ্য সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯১১০৫৩৫, ১০. এসএসএফ, ফ্যাক্স: ৮১১১৩৫১/৯১১৩৬৫১, ১১. সিপিপি, ফ্যাক্স: ৯৩৩৮০০১
১২. দুর্গোপ ব্যবস্থাপনা অধিদপ্তর, ফ্যাক্স: ৯৫৪২৭০, ৯৮৮৫৬৩৩, ১৩. নৌ সদর দপ্তর, ফ্যাক্স: ৮৭৫৪২৭০, ৯৮৮৫৬৩৩
১৪. নৌপরিবহন মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৬৬০৩১১, ৯৫৬২০০৭, ১৫. জাতীয় দুর্গোপ সতর্কীকরণ কেন্দ্র (এনডিআরসিসি), ফ্যাক্স: ৯৫৪৯১৪৮, ৯৫৪০৫৬৭
১৬. বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ), ফ্যাক্স: ৯৫৫৭৩৮৬, ১৭. বাংলাদেশ টেলিভিশন (বিটিভি), ফ্যাক্স: ৮৩১২৯২৭
১৮. বাংলাদেশ বেতার, ফ্যাক্স: ৮১১৭৮৫০, ১৯. বন্যা পূর্ণাভাস ও সতর্কীকরণ কেন্দ্র (এফএফডব্লিউটিসি), ফ্যাক্স: ৯৫৫৭৩৮৬,
২০. ইউএনবি, ফ্যাক্স: ৯৩৪৪৫৫৬, ২১. বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), ফ্যাক্স: ৯৫৫৭৯২৯, ৯৫৫১০৫২, ২২. প্রধান আবহাওয়া কার্যালয়, চট্টগ্রাম, ফ্যাক্স: ০২-৩৩৩৩০০৬২, ২৩. সিডিএমপি, ফ্যাক্স: ৯৮৯০৮৫৪, ২৪. কোস্টগার্ড, ফ্যাক্স: ৯১৪০০৯২, ২৫. বন্দর কর্তৃপক্ষ, মংলা, ফ্যাক্স: ০৪৬৬২-৭৫২২৪
২৬. বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম, ফ্যাক্স: ৭১০৫৯৩, ২৭. প্রধান মন্ত্রীর কার্যালয়ের সশস্ত্র বাহিনী বিভাগ (এএফডি), ফ্যাক্স: ৪৮৫৪৩৯৯, ৮১১৫৯০০, ৮৮২৩২৩৩
২৮. বাংলাদেশ সেনা বাহিনী, ফ্যাক্স: ৮৭৫৪৪৫৫, ২৯. বাংলাদেশ বিমান বাহিনী, ফ্যাক্স: ৮৭৫১৯৩১, ৩০. রয়টার্স, ফ্যাক্স: ৮৩১২৯৭৬
৩১. বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি), ফ্যাক্স: ৯৫৬৩৬৩৫, ৩২. এটিএন, ফ্যাক্স: ৮১১১৮৭৬/৯১১০৯৮৮
৩৩. ইউএসিএইচসিআর, ফ্যাক্স: ৮৮২৬৫৫৭, ৩৪. স্পারসো, ফ্যাক্স: ৮১১৩০৮০, ৩৫. ইউএনডিপি, ফ্যাক্স: ৮১২৩১৯৬, ৩৬. চ্যান্সেলারি, ফ্যাক্স: ৯৩৪৩৬৭৪, ৩৭. আরটিভি, ফ্যাক্স: ৯১৩০৮৭৯-৮০, ৩৮. বন্দর কর্তৃপক্ষ, পায়রা, ফ্যাক্স: ০৩১-২৫১০৮৮৯, ৩৯. জেলা প্রশাসক, কক্সবাজার, ফ্যাক্স: ০৩৪১-৬৩২৬৩, ৪০. সময় টিভি, ফ্যাক্স: ৯৬৭০০৫৭, ৪১. ইন্ডিপেন্ডেন্ট টিভি, ফ্যাক্স: ৮৮৭৯০০১-২, ৪২. একুশে টিভি, ফ্যাক্স: ৮৮৯৯০০৬-৬, ৪৩. আইকা বাংলাদেশ, ফ্যাক্স: ৯৮৯১৬৮৯, ৪৪. সকল জেলা প্রশাসক